

■■ মুখতাসারুল ফাওয়ায়েদ (ইবনুল কাইয়েয়েম রহ.-এর আল-ফাওয়ায়েদ অবলম্বনে)

বিভাগ/অধ্যায়ঃ পরিচ্ছেদ: আল্লাহর সমীপে সফর রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

পরিচ্ছেদ: আল্লাহর সমীপে সফর

মানুষ সৃষ্টির পর থেকেই সফর করছে। তাদের এ ভ্রমন জান্নাতে চিরস্থায়ী শান্তির আবাসন বা জাহান্নামে চিরস্থায়ী শাস্তির জায়গায় গিয়েই থামবে।

জ্ঞানী মাত্রই এ কথা জানে যে, সফরে রয়েছে কষ্ট-ক্লেশ ও ভয়ংকর পথচলা। আর এটি অসম্ভব যে, সফরে স্বাচ্ছন্দ্য, আরাম-আয়েশ ও প্রশান্তি পাবে। এগুলো তো সফর শেষে প্রাপ্ত হবে। একথা সকলেরই জানা যে, সফরের প্রতিটি পদক্ষেপ এবং প্রতিটি মূহূর্তই বিরামহীন ও ক্ষণস্থায়ী এবং কেউ থেমে নেই। এটি প্রমাণিত যে, সে সার্বক্ষণিক সফরের রসদ-সামগ্রী নিয়ে এমনভাবে সফর করছে যা একজন মুসাফির করে থাকে। সে যখন কোন স্থানে অবতরণ করে বা নিদ্রা যায় বা বিশ্রাম করে তা শুধু তার পরবর্তী সফরের প্রস্তুতির জন্যই করে থাকে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9769

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন